**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

**এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট**

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১১

তারিখঃ কার্তিক ০৫, ১৪২৭
অক্টোবর ২১, ২০২০

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**সিএমএসএমই খাতে প্রদত্ত ঋণ/অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তি প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এবং এপ্রিল ২৬, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই খাতে ঋণ বিতরণকে অধিকতর উৎসাহিত করতে এসএমইএসপিডি সার্কুলার নং-০২ তারিখঃ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ-১১ এর মাধ্যমে অত্র বিভাগের আওতায় পরিচালিত ০৪(চার)টি পুনঃঅর্থায়ন স্কীম হতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পুনঃঅর্থায়ন প্রাপ্তির বিষয়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২ তারিখঃ এপ্রিল ২৬, ২০২০ এর মাধ্যমে করোনা ভাইরাসের প্রার্দুভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে চলতি মূলধন ঋণ সরবরাহ নির্বিঘ্ন করার লক্ষ্যে ১০(দশ) হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও এতদ্‌সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

০৩। তবে সুত্রোল্লিখিত সার্কুলারদ্বয়ের আওতায় সিএমএসএমই খাতে প্রদত্ত ঋণ/অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানকালে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান তাদের জন্য প্রযোজ্য আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (সময়ে সময়ে সংশোধিত) এর অনুচ্ছেদ নং-১৪(চ) এ বর্ণিত 'জামানতবিহীন ঋণ' সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করছেনা; ফলশ্রুতিতে তাদের পুনঃঅর্থায়ন প্রাপ্তি বাধাগ্রস্ত হচ্ছে। পাশাপাশি, বিদ্যমান 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম' সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ তারিখঃ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ-১১.১(ঘ) এ বর্ণিত পুনঃঅর্থায়ন প্রদানের সর্বোচ্চ সীমা নির্ধারণে 'একক উদ্যোক্তা' শব্দাবলী ব্যবহারের কারণে মালিকানার ধরণে অস্পষ্টতার সৃষ্টি হয়েছে।

০৪। এক্ষণে, সিএমএসএমই খাতে প্রদত্ত ঋণ/অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান প্রক্রিয়াকে আরও গতিশীল করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক. আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের জন্য প্রযোজ্য আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (সময়ে সময়ে সংশোধিত) এর অনুচ্ছেদ নং-১৪(চ) এ বর্ণিত 'জামানতবিহীন ঋণ' সংক্রান্ত নির্দেশনাসহ এতদসংক্রান্ত আইনের অন্যান্য সকল নির্দেশনা পরিপালন করবে; এবং

খ. 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম' সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর ১১.১(ঘ) অনুচ্ছেদে 'একক উদ্যোক্তা' শব্দাবলীর পরিবর্তে 'একক উদ্যোগ' প্রতিস্থাপিত হবে।

০৫। এতদ্ব্যতীত সার্কুলারদ্বয়ে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২